



**Making of New India by the Visionary
Raja Ram Mohan Roy
21st May 2021**

MEDIA DOSSIER:

Print Media: Ei Samay

এই সময়

৭ জ্যৈষ্ঠ ১৪২৮ শনিবার ২২ মে ২০২১

সম্পাদকীয়

কমলাভূষণ

কোভিড-১৯-এর দ্বিতীয় ঢেউ আরম্ভ হয়েছে দেশজুড়ে। সম্পূর্ণ লকডাউন না হলেও সাংস্কৃতিক কর্মকাণ্ড থমকে গেছে আবার। তারই ফাঁকে নানা উদ্যোগ জন্ম নিচ্ছে। ঘরে বসেই অনলাইনে দেখুন বা শুনুন।

হুগলি জেলার রাখানগর গ্রামে জন্ম নিয়েছিলেন বাংলার নবজাগরণের পথিকৃৎ রাজা রামমোহন রায় (২২ মে ১৭৭২-২৭ সেপ্টেম্বর ১৮৩৩)। রামমোহনকে 'আধুনিক ভারতের জনক' বলা হয়। নিজের একেশ্বরবাদে বিশ্বাস এবং হিন্দু ধর্মাবলম্বীদের মূর্তিপূজা বিরোধী ভাবনা থেকেই তিনি ব্রাহ্মসমাজ ও ব্রাহ্মধর্ম প্রতিষ্ঠা করেন। 'আত্মীয়সভা' প্রতিষ্ঠা করেন, ১৮১৪ সালে। ১৮২৮ সালে এই আত্মীয়সভাই পরিবর্তিত হয়ে ব্রাহ্মসমাজ হিসেবে প্রতিষ্ঠা পায়। সেকালে ভারতে কুসংস্কার, ধর্মান্ধতা এবং অশিক্ষার অন্ধকার দূর করতে রামমোহনের অবদান অনস্বীকার্য এবং আজও ভীষণ ভাবে প্রাসঙ্গিক। দীর্ঘ লড়াই শেষে আইন করে এদেশে সহমরণ-রীতি নিষিদ্ধ করা হয়। ১৮৩০ এর ১৯ নভেম্বর তিনি কলকাতা থেকে বিলেত যাত্রা করেন। দিল্লির বাদশাহ দ্বিতীয় আকবর তাকে 'রাজা' উপাধি প্রদান করেছিলেন। মুঘল সাম্রাজ্যের দূত হিসেবে ১৮৩২এ তিনি ফ্রান্সেও গিয়েছিলেন। মেনিনজাইটিস রোগাক্রান্ত হয়ে ব্রিস্টলের স্টেপলটনে তাঁর জীবনাবসান হয় এবং আর্নসভাল সমাধিস্থলে তাঁকে সমাধিস্থ করা হয়। এ বছর তাঁর সার্থদ্বিশত জন্মবার্ষিকী। এই উপলক্ষে বর্ষব্যাপী নানা অনুষ্ঠানের কথা পরিকল্পনা করা হয়েছিল, কিন্তু বাদ সেমেছে

আড়াই শতকে রাজা রামমোহন



অতিমারী। অতএব জন্মবার্ষিকীর অনুষ্ঠান আপাতত আন্তর্জালে। আচার্য প্রফুল্লচন্দ্র রোডের রামমোহন লাইব্রেরি অ্যান্ড ফ্রি রিডিং রুম-এর

উদ্যোগে লাইব্রেরি ভবন এবং রামমোহনের বাসভবনে রাজা রামমোহন রায়ের মূর্তিতে মাল্যদান করা হবে আজ সকাল ৯টায়। বিকেল ৫টায় স্মারক বক্তৃতায় 'ঔপনিবেশিক রামমোহন ও তাঁর ভাষা-সংগ্রাম' শিরোনামে বলবেন অধ্যাপক পবিত্র সরকার। <https://meet.google.com/xbn-fpwy-fvn> এই লিঙ্কে সম্প্রচারিত হবে এই অনুষ্ঠানটি। সাধারণ ব্রাহ্ম সমাজের উদ্যোগে আজ সকাল সাড়ে ১০টায় আয়োজিত হয়েছে একটি অনুষ্ঠান। সূচনায় প্রার্থনার পর 'রামমোহন রায়— আধুনিক ভারতের উদ্বোধক' শিরোনামে বলবেন অধ্যাপক শক্তিসাধন মুখোপাধ্যায়। পরে সঙ্গীত পরিবেশন করবেন রিনাদোলন বন্দ্যোপাধ্যায়। ব্রাহ্ম সমাজের ইউটিউব চ্যানেলে এবং সরাসরি জুম লিঙ্কে দেখা যাবে এই অনুষ্ঠান। সন্দের ছবিতে লন্ডনে ১৯৩৩ সালে আঁকা শিল্পী রেমব্রা পিলের তৈলচিত্রে রামমোহন, উইকিপিডিয়ার সৌজন্যে।

বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এবং ইআইএলএম-এর যৌথ উদ্যোগে গতকাল সন্ধ্যায় আয়োজিত হয়েছিল 'মেকিং অফ নিউ ইন্ডিয়া বাই দ্য ডিশনারি রাজা রামমোহন রায়' শীর্ষক এক আন্তর্জালিক আলোচনাচক্র।